দৈনিক জনকণ্ঠ

14

FEB. 1 4 2000

তারিখ ... ... FEB 2000
পৃষ্ঠা ... কলাম ...

## দৃষ্টি আকর্ষণ

জগন্নাথ, বিশ্ববিদ্যালয় কলেজে চলতি সেশনে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ নিয়ে কর্তৃপক্ষের রহস্যজনক ভূমিকা আমাকে হতবাক করেছে। ১২ জানুয়ারি সংখ্যার দৈনিক জনকণ্ঠের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ হয়। এতে ৬৩০ জনকে মেরিট লিস্টে এবং ৪৩০ জনকে অপেক্ষমাণ তালিকায় রাখা হয়েছে। রহস্যজনকভাবে ১৬ জানুয়ারি সংখ্যার দৈনিক জনকণ্ঠে দ্বিতীয় মেরিট লিস্ট দেখিয়ে আরও ২৩৫ জনের ফল প্রকাশ করা হয়। এই তালিকায় চূড়ান্ত ফল প্রকাশের অপেক্ষমাণ তালিকার কেউই নেই। কলেজে গিয়ে বিষয়টি উল্লেখ করা হলে কোন সদুত্তর পাওয়া যায়নি। নোটিস বোর্ডে দেখা গেল একই সাথে প্রথম প্রকাশিত মেরিট লিস্ট ও দ্বিতীয় মেরিট লিস্টের ছাত্ররা ভর্তি হবে। পরে সুযোগ হলে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি নেয়া হবে। এই অনিয়মের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। —বাছির উদ্দিন, মধ্যকোটগাঁও, মুন্সীগঞ্জ।